

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ অধিশাখা-৩
www.mha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৯৬.০৫.০১৫.১৫-৫৮১

তারিখ : ২৫ কার্তিক, ১৪২৩ বঃ
৯ নভেম্বর, ২০১৬ খ্রিঃ

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : পুলিশ অধিদপ্তরের আওতাধীন পুলিশ টেলিকম ইউনিটের ২০২ টি পদ সৃজন এবং ১৮ টি যানবাহন টিওএন্ডইভুক্তকরণ।

মহোদয়,

নির্দেশিত হয়ে পুলিশ অধিদপ্তরের আওতাধীন পুলিশ টেলিকম ইউনিটে সাংগঠনিক কাঠামোতে নিম্নের ছকে বর্ণিত ২০২টি পদের মধ্যে ১৫টি ক্যাডার পদ স্থায়ীভাবে এবং অন্যান্য ১৮৭ টি পদ অস্থায়ীভাবে সৃজনে এবং ১৮টি যানবাহন টিওএন্ডইভুক্তকরণে নিম্নোক্ত শর্তে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি :

ক) পদের বিবরণী

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল/২০১৫
১.	ডিআইজি	১টি	৫৬৫০০-৭৪৪০০/-
২.	অতিরিক্ত ডিআইজি	২টি	৫০০০০-৭১২০০/-
৩.	এসপি	২টি	৪৩০০০-৬৯৮৫০/-
৪.	টেলিকমিউনিকেশন অফিসার (এএসপি)	১০টি	২২০০০-৫৩০৬০/-
৫.	সহকারী টেলিকমিউনিকেশন অফিসার (ইপপেক্টর)	২০টি	২২০০০-৫৩০৬০
৬.	টেলিকমিউনিকেশন টেকনিশিয়ান (অপারেশন) (এসআই)	২৮টি	১৬০০০-৩৮৬৪০/-
৭.	টেলিকমিউনিকেশন টেকনিশিয়ান (মেইনস্টেন্যান্স) (এসআই)	৩৫টি	১৬০০০-৩৮৬৪০/-
৮.	সহকারী টেলিকমিউনিকেশন টেকনিশিয়ান (অপারেশন) (এএসআই)	১৫টি	১০২০০-২৪৬৮০/-
৯.	সহকারী টেলিকমিউনিকেশন টেকনিশিয়ান (মেইনস্টেন্যান্স) (এএসআই)	১৫টি	১০২০০-২৪৬৮০/-
১১.	কনস্টবল	৬৬টি	৯০০০-২১৮০০/-
১২.	প্রশাসনিক কর্মকর্তা	১টি	১৬০০০-৩৮৬৪০/-
১৩.	সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর	৫টি	১১০০০-২৬৫৯০/-
১৪.	পরিচ্ছন্নতা কর্মী	২টি আউটসোর্সিং	১৫৫৫০/- (সাকুল্য) (শুধুমাত্র ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/- (সাকুল্য) (চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়নগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য) ১৪৫৫০/- (সাকুল্য) (অন্যান্য স্থানের জন্য)
	মোট	২০২টি	

খ) যানবাহনের বিবরণ :

ক্রঃ নং	যানবাহনের নাম	সংখ্যা
১.	জীপ	০৫টি
২.	পিকআপ	০৪টি
৩.	বাস (বড়)	১টি
৪.	মোটর সাইকেল	৮টি
	মোট	১৮টি

চলমান পাতা-০২

পাতা-০২

শর্তাবলী

১. সাংগঠনিক কাঠামোতে প্রস্তাবিত পদগুলো অন্তর্ভুক্ত করে টিওএন্ডই আপডেটেড করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর কপি অর্থ বিভাগের জন্য প্রেরণ করতে হবে।
 ২. মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কগবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সরকারী আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে।
 ৩. BCS (Police) Composition and Cadre Rules, 1980 এর সংশ্লিষ্ট তফসিলে নতুন ক্যাডার পদগুলো অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
 ৪. বিবেচ্য ২০২টি পদ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১১/১/২০১৫ তারিখ নীতিগতভাবে অনুমোদিত ৫০,০০০টি পদের মধ্যে সমন্বয় করতে হবে।
 ৫. এ বিষয়ে বিধিগত সকল আনুষ্ঠানিকতা পালন করতে হবে।
 ৬. পরিচ্ছন্নতাকর্মী পদ আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ করতে হবে।
 ৭. অর্থ বিভাগের ৭/৭/২০১৪ তারিখের ০৭.১৫৫.০১৯.৪৪.০৩.০৩১.২০১১-২৬১ নম্বর স্মারকের শর্তাদি প্রতিপালন করতে হবে।
 ৮. টিওএন্ডই বহির্ভূত বিদ্যমান যানবাহন সর্বাত্মে টিওএন্ডইভুক্ত করতে হবে এবং নবসৃষ্ট পদে জনবল নিয়োগের পূর্বে নতুনভাবে টিওএন্ডইভুক্ত যানবাহন ক্রয় করা যাবে না।
 ৯. বাংলাদেশ পুলিশের মোট পদের সংখ্যা (কনস্টবল থেকে আইজিপি পর্যন্ত সিভিল পদসহ) ২,০৩,৭৪৭ জন এবং আলোচ্য ২০২টি পদ সৃজন করা হলে মোট সংখ্যা হবে ২,০৩,৯৪৯ জন।
- (গ) এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬/০৩/২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১৬১.১৫.০০২.১৬-৯০, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ১১/০৮/২০১৬ তারিখের ০৭.১৫৫.০১৫.৪৪.০৩.০২৭.২০০৪/৪৯৮ এবং অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ৩০/০৮/২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০৭.১৬-২১১ নং পত্রে সম্মতি এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

আপনার বিশ্বস্ত,



(মোঃ আবদুল ওয়াহাব ভূঞা)

উপসচিব

ফোন : ৯৫৭৪৫১৯

নং-৪৪.০০.০০০০.০৯৬.০৫.০১৫.১৫-৫৮১

তারিখ : ২৫ কার্তিক, ১৪২৩ বঃ
৯ নভেম্বর, ২০১৬ খ্রিঃ

অবগতি ও উল্লিখিত সরকারী আদেশ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-কে পৃষ্ঠাংকনসহ জ্ঞাত করার জন্য অর্থ বিভাগের উপ-সচিব, ব্যঃ নিঃ-৫ অধিশাখা এর নিকট প্রেরণ করা হলো।



(মোঃ আবদুল ওয়াহাব ভূঞা)

উপসচিব

চলমান পাতা-০৩

পাতা-০৩

নং-০৭.১৫৫.১৫.৪৪.০৩.০২৭.২০০৪-

তারিখ : _____

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।

উপ-সচিব (ব্যঃ নিঃ-৫ অধিশাখা)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-৪৪.০০.০০০০.০৯৬.০৫.০১৫.১৫-৫৮১

তারিখ : ২৫ কার্তিক, ১৪২৩ বঃ
৯ নভেম্বর, ২০১৬ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ৬ ফিনিক্স রোড, ফুলবাড়িয়া, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

(মোঃ আবদুল ওয়াহাব ভূঞা)
উপসচিব